# বিশেষ অনুশীলন-২

## বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## শ্রেনি: সপ্তম

সময় : ১ ঘন্টা ১৫ মিনিট পূর্নমান: ৫০

**১। নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তরটি উত্তরপত্রে লিখ:** **১×৩০=৩০**

১। পূজা শব্দের অর্থ কী?

ক) প্রশংসা করা খ) নিবেদন করা গ) ভক্তি করা ঘ) শিক্ষা গ্রহণ

২। কোনটি মাঙ্গলিক কাজ?

ক) দান খ) আরতি গ) প্রার্থনা ঘ) ভক্তি

৩। আনন্দপূর্ণ অনুষ্ঠানকে কী বলা হয়?

ক) উৎসব খ) আরাধনা গ) পূজা ঘ) আরতি

৪। পার্বণ শব্দের অর্থ কী?

ক) উৎসব খ) মেলা গ) আনন্দ ঘ) অনুধাবন

৫। প্রতিমার আসনে প্রদীপ চালনা করাকে কী বলে ?

ক) আরতি খ) আচমন গ) উপাচার ঘ) শুদ্ধি

৬। কোনটি পঞ্চোপচার পূজার উপকরণ ?

ক) পুষ্প খ) আচমনীয় গ) মধুপর্ক ঘ) অর্ঘ্য

৭। কোনটি দশোপচার পূজার উপকরণ নয় ?

ক) পাদ্য খ) আচমনীয় গ) পুষ্প ঘ) আসন

৮। শক্তির উপাচার কোনটি?

ক) ধূপ খ) পুষ্প গ) প্রদীপ ঘ) চন্দন

৯। পূজার আধার হচ্ছে -

i) প্রতিমা

ii) শালগ্রাম

iii) শিবলিঙ্গ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০।পূজার আচমনের সাথে কোন দেবতাকে স্মরণ করতে হয়?

ক) শিব খ) বিষ্ণু গ) ব্রহ্মা ঘ) অগ্নি

১১। পূজার জন্য কয়টি বিধি রয়েছে ?

ক) ৪ টি খ) ৫ টি গ) ৬ টি ঘ) ৭ টি

১২। পূজার শুরুতে স্বস্তিবাচন কামনা করেন কে ?

ক) যাজক খ) পূজারি গ) পুরোহিত ঘ) গুরুজন

১৩। কোন দেবতা পঞ্চদেবতার অন্তর্ভুক্ত ?

ক) শিব খ) দুর্গা গ) গণেশ ঘ) বরুণ

১৪। প্রতিমা স্নান করার জন্য সমর্পণ করা হয় -

i) পরিশুদ্ধ জল

ii) মধু

iii)দুধ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫। দেব –দেবীর পূজায় আত্মসমর্পণ বিধিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এর মাধ্যমে আমরা-

i) প্রত্যাশা পূরণ করি

ii) ভক্তির প্রকাশ ঘটাই

iii) ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

১৬। গোপ বালকেরা মাঠে কী চরাচ্ছিল?

ক) গরু খ) মহিষ গ) ভেড়া ঘ) হরিণ

১৭। কালীয় নাগের মূল আশ্রয়কেন্দ্র কোথায় ছিল?

ক) কালিন্দী হ্রদে খ) রমনক দ্বীপে গ) যমুনার তীরে ঘ) বৃন্দাবনে

১৮। ইন্দ্র কাকে আদেশ দিলেন ?

ক) মেঘকে খ) সূর্যকে গ) চন্দ্রকে ঘ) পাহাড়কে

১৯। কৃষ্ণ গোপদের কোন পূজা করার কথা বললেন?

ক) বিষ্ণুপূজা খ) লক্ষ্মীপূজা গ) মনসাপূজা ঘ) গোবর্ধনগিরি পূজা

২০। শ্রীকৃষ্ণ দাবাগ্নি পান করেছেন-

ক) দানব বলে খ) অসুর বলে গ) ঐশ্বরিক বলে ঘ) পশুশক্তি বলে

২১। শচীদেবীর পিতার নাম কী?

ক) রাম চক্রবর্তী খ) অমল চক্রবর্তী গ) নীলাম্বর চক্রবর্তী ঘ) অবনী চক্রবর্তী

২২। নিমাই কার নিকট থেকে কৃষ্ণনাম দীক্ষা নেন?

ক) ঈশ্বরপুরীর খ) কেশব মিশ্রের গ) লক্ষ্মীদেবীর ঘ) বিশ্বরূপের

২৩। নবদ্বীপের বৈষ্ণব ছিলেন -

i) গদাধর

ii) মুকুন্দ

iii)শ্রীবাস

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

২৪। শ্রীচৈতন্য কি প্রচারের জন্য ভারতবর্ষের বিভিন্ন স্থানে ঘুরে বেড়িয়েছেন?

ক) প্রেম ভক্তির ধর্ম খ) সহিষ্ণুতার ধর্ম গ) মানবতার ধর্ম ঘ) গঠনমূলক ধর্ম

২৫। সন্ন্যাস ধর্মে দীক্ষা নেওয়ার পর নিমাইয়ের নতুন নাম কী হয় ?

ক) শ্রীচৈতন্য খ) শ্রীরূপ গ) রঘুনাথ ভট্ট ঘ) গোপাল ভট্ট

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :

যেই ভজে , সেই বড় , অভক্তহীন ছাড়।

কৃষ্ণ ভজনে নাহি জাতি কুলাদি বিচার ।।

উত্তম হঞা বৈষ্ণব হবে নিরভিমান

জীবে সম্মান দিবে জানি কৃষ্ণ অধিষ্ঠান ।

২৬। উদ্দীপকের গাথাটি কে রচনা করেন?

ক) শ্রীকৃষ্ণ খ) শ্রীচৈতন্য গ) স্বামী বিবেকানন্দ ঘ) সাধক রামপ্রসাদ

২৭। শ্রীচৈতন্যের নৈতিক শিক্ষা হলো -

i) বিনয়ী হওয়া

ii) ঘৃণা না করা

iii) পান্ডিত্যের অহংকার না করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i , ii ও iii

২৮। শ্রীচৈতন্য জগন্নাথদেবের দেহে বিলীন হন কত সালে?

ক) ১৪৩৩ সালে খ) ১৫৩৩ সালে গ) ১৫৪০ সালে ঘ) ১৯৩৩ সালে

২৯। সনাতন পন্ডিতের কন্যার নাম কী ?

ক) লক্ষ্মীপ্রিয়া খ) বিষ্ণুপ্রিয়া গ) হরিপ্রিয়া ঘ) দেবীপ্রিয়া

৩০। কোথায় অবস্থানকালে শ্রীচৈতন্য প্রায়শই কৃষ্ণনামে উন্মাদ হয়ে থাকতেন?

ক) বৃন্দাবনে খ) নীলাচলে গ) মথুরায় ঘ) দ্বারকায়

**২। নিচের উদ্দীপকগুলো পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও : ১০×২=২০**

১। সুতপা প্রতিদিন সকালে নিজ গৃহে দেবতার উদ্দেশ্যে পূজা -অর্চনা করে। সে বিভিন্ন ফল, মিষ্টি, নৈবেদ্য দিয়ে, ঘন্টা বাজিয়ে, শঙ্খ বাজিয়ে, ধূপ ও দীপ জ্বালিয়ে দেবতার পূজা করে। পূজা কার্যক্রমে কোনো ভুলত্রুটি হলে ক্ষমা প্রার্থনা এবং দেবতার কাছে নিজের ইচ্ছা পূরণের জন্য আত্মসমর্পণ করে। পূজাবিধি অনুযায়ী দেব-দেবীর পূজা করার জন্য সুতপা নিজের অন্তরে মানসিক প্রশান্তি অনুভব করে।

ক) পূজা শব্দের অর্থ কী ? ১

খ) পূজার আধার বলতে কী বোঝায় ? ব্যাখ্যা কর। ২

গ) সুতপা যেসব উপাদান দিয়ে পূজা করে তাদের কী বলে? পূজার ক্ষেত্রে এসব উপাদানের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৩

ঘ) পূজার উপকরণ সম্পর্কে ধারণা দিতে সুতপার পূজার প্রেক্ষাপটটি কতটুকু যুক্তিযুক্ত- মন্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর । ৪

২। মথুরার অত্যাচারী রাজা ছিলেন কংস। তার অত্যাচারে মথুরার প্রজারা অতিষ্ঠ হয়ে উঠেছিল। তাই কংসের অত্যাচার থেকে প্রজাদের রক্ষা করার জন্য ভগবান শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তিনি অত্যাচারী রাজা কংসকে হত্যা করেন।

ক) শ্রীকৃষ্ণ কে ছিলেন ? ১

খ) শ্রীকৃষ্ণ কীভাবে বকাসুরকে বধ করেন? ব্যাখ্যা কর। ২

গ) ভগবান শ্রীকৃষ্ণের নৈতিক শিক্ষা তোমার জীবনে কীভাবে প্রয়োগ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ) শ্রীকৃষ্ণের কালীয় নাগ দমনের শিক্ষা সমাজজীবনে কীভাবে প্রয়োগ করা যায় ? তা পাঠ্য পুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪